বৈদেশিক মুদ্রা নীতি
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফইপিডি সার্কুলার নং-০৫

তারিখ ঃ ১৭ মাঘ, ১৪২০
৩০ জানুয়ারী,২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংক

প্রিয় মহোদয়,

## কারেন্সী নোট আমদানী ও রপ্তানী।

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ১৯৪৭ এর ৮(১) ধারা ও ২ মে, ১৯৪৯ তারিখের সরকারী প্রজ্ঞাপন নং-এফ ১(৮)-ইএফ/৪৯ দ্বারা অর্পিত এখতিয়ারবলে বাংলাদেশ ব্যাংকের ০৪ আগষ্ট,২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং এফই-০১/০৯-বিবি এবং একই তারিখে জারীকৃত এফই সার্কুলার নং ১১ এর সূত্রে বিদেশ হতে বাংলাদেশে আগমনকালে শুল্ক কর্তৃপক্ষের নিকট বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ফরমে ঘোষণা প্রদান না করে সংগে আনয়নযোগ্য বাংলাদেশী কারেন্সীর পরিমাণ এবং বহির্গমনকালে বাংলাদেশী কারেন্সী সংগে নিয়ে যাওয়ার পরিমাণ মাথাপিছু টাকা ২০০০/- হতে টাকা ৫০০০/- এ উন্নীত করা হলো।

এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ৩০/০১/২০১৪ তারিখের প্রজ্ঞাপন নং এফই-০১/২০১৪-বিবি অপর পৃষ্ঠায় পুনঃমুদ্রিত হলো।

০২। গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স, ২০০৯ এর প্রথম খন্ডের ষষ্ঠ অধ্যায়ের ১ নং ও ৯ নং অনুচ্ছেদের নির্দেশাবলী এতদনুসারে সংশোধিত বিবেচিত হবে।

০৩। এ বিষয়ে ০৪ আগষ্ট, ২০০৯ তারিখে জারীকৃত এফই সার্কুলার ১১ সংলগ্ন প্রজ্ঞাপন নং এফই-০১/০৯-বিবি, তারিখ ০৪ আগস্ট, ২০০৯ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে উপরোল্লিখিত বিষয়টি অবহিত করবেন।

আপনার বিশ্বস্ত,

(জগন্নাথ চন্দ্র ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০০৯২

বাংলাদেশ ব্যাংক
প্রজ্ঞাপন নং এফই-০১/২০১৪-বিবি
ঢাকা, ১৭ মাঘ, ১৪২০ (৩০শে জানুয়ারী, ২০১৪)

<u>কারেন্সী নোট আমদানী ও রপ্তানী</u>

বাংলাদেশ ব্যাংকের ২০ শ্রাবণ, ১৪১৬ (০৪ আগষ্ট, ২০০৯) তারিখের প্রজ্ঞাপন নং-এফই-০১/০৯-বিবি এতদ্বারা নিম্নরূপভাবে সংশোধিত হইল ঃ-

প্রজ্ঞাপনটির ১ অনুচ্ছেদের (খ) ও (২) উপ-অনুচ্ছেদদ্বয়ে ''দুই হাজার টাকার অধিক পরিমাণের বাংলাদেশী কারেন্সী নোট'' এর স্থলে ''পাঁচ হাজার টাকার অধিক পরিমাণের বাংলাদেশী কারেন্সী'' নোট এবং ২ নং অনুচ্ছেদের (ক) উপ-অনুচ্ছেদে ''অনধিক দুই হাজার টাকা মূল্যের বাংলাদেশী কারেন্সী নোট'' এর স্থলে ''অনধিক পাঁচ হাজার টাকা মূল্যের বাংলাদেশী কারেন্সী নোট'' পাঠ করিতে হইবে।

স্বাক্ষরিত/-

( নাজনীন সুলতানা )
ডেপুটি গভর্নর